সমঝোতা স্মারক
অ্যাক্ট এর বাণিজ্যিক স্বাক্ষরকারীগণ ও ইন্ডাস্ট্রিঅল গ্লোবাল ইউনিয়নের মধ্যে আন্তর্জাতিক সাপ্লাই চেইন এর মধ্যে সংগঠিত হওয়ার স্বাধীনতা, যৌথ দরকষাকষি ও বাঁচার মত মজুরী অর্জনের নিমিত্তে

লক্ষ্য ও উদ্দেশ্য

এই সমঝোতা স্মারক (এম ও ইউ) এর লক্ষ্য হল পরিপক্ক শিল্প সম্পর্ক, সংগঠিত হওয়ার স্বাধীনতা ও যৌথ দরকষাকষি এর মধ্য দিয়ে আন্তর্জাতিক বস্ত্র ও পোশাক শিল্পের শ্রমিকগণের জন্য বাঁচার মত মজুরী অর্জন করতে ইন্ডাস্ট্রিঅল গ্লোবাল ইউনিয়ন ও অ্যাক্ট (অ্যাকশন কোলাবোরেশন ট্রান্সফরমেশন) এর বাণিজ্যিক স্বাক্ষরকারীদের মধ্যে সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলা।

সমঝোতা স্মারকে উল্লিখিত কার্যকলাপ ২০১১ সালের জুন মাসে জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল দ্বারা অনুমোদিত ইউএন গাইডিং প্রিন্সিপালস্ অন বিজনেস অ্যান্ড হিউম্যান রাইটস্ (ইউ এন জি পি) এর আওতাভূক্ত। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই এল ও) এর মূল শ্রম নীতিসমূহ এবং সকল পক্ষের দায়-দায়িত্ব ও শর্তাবলী প্রণয়ন করে।

এই প্রেক্ষাপটের আলোকে সমঝোতা স্মারকে স্বাক্ষরকারীগণ স্বীকার করে যে:

'বাঁচার মত মজুরী' হল একজন শ্রমিকের নিজের ও তার পরিবারের মৌলিক চাহিদা মেটানোর জন্য প্রয়োজনীয় ন্যূনতম আয়, যার মধ্যে কিছু স্বীয় ইচ্ছাধীন আয়ও অন্তর্ভূক্ত রয়েছে। এই আয় হবে বৈধ কর্মঘন্টার সীমার মধ্যে।

আইএলও শ্রমনীতি অনুসারে শ্রমিকগণ স্বাধীনতা উপভোগ করবে এবং তাদের সংগঠিত হওয়ার ও যৌথভাবে দরকষাকষি করার অধিকার থাকবে।

এমন একটি যৌথ কর্মপরিকল্পনা প্রয়োজন যেখানে আন্তর্জাতিক সাপ্লাই চেইন এর সকল অংশীদার সংগঠিত হওয়ার স্বাধীনতা, যৌথ দরকষাকষি ও বাঁচার মত মজুরী অর্জনে তাদের স্ব স্ব দায়িত্ব গ্রহন করবে।

আমাদের মতে দুইটি টেকসই কৌশলের মাধ্যমে সুষম প্রতিযোগিতার ক্ষেত্র তৈরীর পাশাপাশি সংগঠিত হওয়ার স্বাধীনতা, যৌথ দরকষাকষি ও বাঁচার মত মজুরী বাস্তবায়ন করা সম্ভব:

- শিল্প পর্যায়ে যৌথ চুক্তি
- জাতীয় ন্যূনতম মজুরী নির্ধারণ নীতি বাস্তবায়ন কৌশল

বিশেষ করে জাতীয় শিল্প পর্যায়ে, মালিক, শ্রমিক ও তাদের প্রতিনিধিগণের মধ্যে যৌথ দরকষাকষির মাধ্যমে বাঁচার মত মজুরী সম্পর্কিত চুক্তিতে পৌছাতে হবে।

বাঁচার মত মজুরী নির্ধারণ করতে ন্যূনতম মজুরী একটি বিরাট ভূমিকা পালন করে এবং এই স্তরের সাথে সামঞ্জস্য রেখে বাঁচার মত মজুরী নির্ধারণ করতে হবে ও জীবনধারণের ব্যয় বৃদ্ধির সাথে সাথে সেটি নিয়মিত পুনর্বিবেচনা করতে হবে। এই কাজে সহায়তা করবে পর্যাপ্ত সংস্থান সুবিধাসহ নিয়ন্ত্রন, পরিদর্শন ও আইনগত ব্যবস্থা, যা নিশ্চিত করবে যে কোন শ্রমিককে বৈধ ন্যূনতম মজুরীর কম দেওয়া হচ্ছেনা।

আমরা স্বীকার করি যে আমাদের যৌথ কর্মপদ্ধতির অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদির সাথে সাথে উৎপাদনকারী দেশ ও সরবরাহকারীগণকে দেওয়া ব্যাবসায়িক নিরাপত্তা ও প্রতিশ্রুতি বাঁচার মত মজুরী প্রদানে একটি মূখ্য ভূমিকা পালন করে।

কাজের অবকাঠামো

১. আমরা স্বীকার করি যে আমাদের লক্ষ্য অর্জন ও চাহিদা পূরনে শুধুমাত্র আইএলও, সরকার, ব্র্যান্ড, ইউনিয়ন, সরবরাহকারী ও সংশ্লিষ্ট সমর্থক গোষ্ঠী নয়; সকল পক্ষকে সঙ্গে নিয়ে আমাদের সমাধানের প্রয়োজন। এই প্রেক্ষাপটের আলোকে আমরা নতুনত্বের পরিমন্ডলে যৌথভাবে আমাদের কৌশল ও কর্মপরিকল্পনা তৈরী করতে চাই।

২. নিরপেক্ষ ও টেকসই আন্তর্জাতিক শিল্পের জন্য আন্তর্জাতিক সমর্থন আদায়ের প্রয়োজনীয়তা আমরা স্বীকার করি। বাঁচার মত মজুরী ব্যবস্থা নিশ্চিত করার ব্যাপারে গুরুত্বপূর্ণ প্রত্যেক পক্ষকে উৎসাহিত করার মাধ্যমে এই সমর্থন আদায় করা সম্ভব যা কিনা বাঁচার মত মজুরী ব্যবস্থা শিল্পক্ষেত্রে যৌথ দরকষাকষির মাধ্যমে নির্ধারিত হয়।

৩. আইএলও এর মূল শ্রম নীতিসমূহ বাস্তবায়নে কর্মপরিকল্পনা নির্ধারণ ও সহযোগীতা বিবেচনায় আমরা আইএলও এর গুরুত্ব স্বীকার করি। আমরা তাদের ব্যবহারিক ও কৌশলগত দক্ষতা, সেই সাথে তাদের তৈরী করে দেওয়া সুযোগসমূহ, দেশভিত্তিক কর্মসূচী ও ত্রি-পাক্ষিকতার অভিজ্ঞতা ব্যবহার করতে চাই। আমরা আমাদের যৌথ লক্ষ্য অর্জন ও কৌশল প্রয়োগে একটি সত্যিকারের সার্বিক পদক্ষেপের জন্য আইএলও এর পক্ষসমূহের সাথে সম্পৃক্ত হতে চাই এবং সেই উদ্দেশ্যে আইএলও এর সঙ্গে কাজ করতে চাই।

৪. নৈতিক ব্যাবসার খাতিরে বাণিজ্যিক স্বাক্ষরকারীগণ নিশ্চিত করবে যে তাদের ক্রয়ের পদ্ধতি উৎপাদনকারীগণের সাথে দীর্ঘমেয়াদি অংশীদারিত্বকে যেন সমর্থন করে। এর জন্য অ্যাক্ট এর বাণিজ্যিক স্বাক্ষরকারীগণ ও ইন্ডাস্ট্রিঅল এই শিল্পের প্রকৃতি বিবেচনায় রেখে যৌথভাবে একটি পরিকল্পনা তৈরী করবে ।

৫. বাণিজ্যিক স্বাক্ষরকারীগণ এই নথির বর্ণনা অনুসারে নিশ্চিত করবে যে তাদের ক্রয়ের পদ্ধতি যেন বাঁচার মত মজুরী প্রদানকে সহজতর করে।

৬. আমরা কোন কোন দেশে এই পদ্ধতি বাস্তবায়ন করবো তা উভয়েই সম্মত হবো এবং প্রতিটি দেশের জন্য সর্বসম্মতিক্রমে কর্মকৌশল নির্ধারণ করবো।

৭. বাণিজ্যিক স্বাক্ষরকারীগণ নির্ধারিত দেশসমূহে এই কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নের স্বার্থে ইন্ডাস্ট্রিঅলের সাথে তাদের কৌশলগত সরবরাহকারী কারখানা সম্পর্কে এই কার্যক্রমের জন্য প্রয়োজনীয় তথ্যাদি আদান প্রদান করবে।

৮. নির্ধারিত দেশসমূহে বাঁচার মত মজুরী বাস্তবায়নে দরকষাকষি করতে দুই পক্ষকে একসাথে আনতে বাণিজ্যিক স্বাক্ষরকারীগণ তাদের সরবরাহকারী কারখানাসমূহের সাথে কাজ করবে এবং ইন্ডাস্ট্রিঅল তার অন্তভুক্ত ইউনিয়নসমূহের সাথে কাজ করবে।

৯. সংগঠিত/সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা ও যৌথ দরকষাকষির ব্যাপারে ব্যাবস্থাপকগণ ও শ্রমিকগণকে প্রশিক্ষণ দেওয়াসহ এই পরিকল্পনা বাস্তবায়নে অন্যান্য বিষয়ে যোগ্যতা তৈরীতে উভয় পক্ষকে সহযোগীতা করা হবে।

১০. যৌথ লক্ষ্যের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে ইন্ডাস্ট্রিঅল আন্তর্জাতিক ও স্থানীয় পর্যায়ে সমন্বয়ক নিয়োগ করবে।

১১. কীভাবে সক্রিয়ভাবে সংগঠিত/সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা উৎসাহিত করা যায় সে ব্যাপারে কর্মপরিকল্পনা নির্ধারণে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

১২. এই পদ্ধতিতে শিল্প পর্যায়ে যে যৌথ চুক্তিসমূহ স্বাক্ষরিত হবে সেগুলো নিবন্ধিত হবে এবং জাতীয় আইনের আওতায় আইনগতভাবে প্রয়োগ করা যাবে। এই বিষয়টি আমরা এই শিল্পের সকল স্তরে প্রচার করব।

১৩. আমরা চুক্তিমূলক বা অন্যান্য কৌশল গড়ে তুলতে একসাথে কাজ করব যেগুলোর মাধ্যমে ব্র্যান্ডসমূহ নিশ্চিত করতে পারবে যে তাদের সরবরাহকারীগণ দরকষাকষির মাধ্যমে নির্ধারিত মজুরী প্রদানের বিষয়টি সঠিকভাবে বাস্তবায়ন করছে।

১৪. ইন্ডাস্ট্রিঅল ও অ্যাক্ট এর স্বাক্ষরকারীগণ অধিক ন্যূনতম মজুরী প্রদানের ফলাফল স্বরূপ সরকারসমূহের কাছে যৌথভাবে উত্থাপন করবে যার মধ্যে রয়েছে ব্র্যান্ডসমূহের অব্যাহত সংগ্রহ বা সোর্সিং করার প্রতিশ্রুতি, ন্যূনতম মজুরী ও বাঁচার মত মজুরীর মধ্যে পার্থক্য, জীবনধারনের ব্যয়বৃদ্ধি, উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধির সুফল এবং শ্রমিকগণের যোগ্যতার উন্নয়ন যেগুলো কিনা কর্মক্ষেত্রে ইউনিয়নের সহযোগিতার মাধ্যমে অর্জন করা যায়।

আমরা সম্মত হচ্ছি যে এই নথিতে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্য পূরনে আমাদের যৌথ দায়িত্ব পালন নিশ্চিত করতে স্বচ্ছতার সাথে, সহযোগীতাপূর্ণভাবে এবং একে অপরের প্রতি বিশ্বাস রেখে কাজ করবো।

আমরা বিভিন্ন ধরনের সমাধান চিন্তা করার সুযোগ নিব, ত্রুটি - বিচ্যুতি গঠনমূলকভাবে দেখব এবং যৌথ লক্ষ্যে পৌছাতে প্রতিনিয়ত আমাদের পরিকল্পনার সংস্কার সাধন করব।

আমরা বিশ্বাসের নতুন সংস্কৃতির প্রচলন করতে এবং সেক্টর ও আন্তর্জাতিক পর্যায়ে সংশ্লিষ্ট সকল পক্ষের অংশগ্রহন নিশ্চিত করতে যৌথভাবে প্রতশ্রুতিবদ্ধ।

ACT
Greifswalder Strasse 226
10405 Berlin, Germany
act@actonlivingwages.com
www.actonlivingwages.com